

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ২১. ৩. মদ ঈশ্বরের অন্যতম উপহার ও আশীর্বাদ

মদ ও মদের প্রাচুর্য ঈশ্বরের বড় উপহার ও আশীর্বাদ। আমরা জানি, তৌরাতে পরকালের কোনো পুরস্কার বা শাস্তির কথা নেই। মাবুদের হুকুম মানলে দুনিয়াতে প্রাচুর্য এবং না মানলে দুনিয়াতেই দুর্ভোগ। আর মাবুদের হুকুম মানার অন্যতম পুরস্কার মদের প্রাচুর্য। বাইবেলে বারবার এ বিষয়টা ঈশ্বর উল্লেখ করেছেন।

"যদি তোমরা এই সব নিয়মের দিকে মনোযোগ দাও এবং যতেণর সংগে তা পালন কর তবে ... তিনি তোমাদের মহববত করবেন ... তোমাদের অনেক সন্তান হবে, তোমাদের জমি থেকে তোমরা প্রচুর পরিমাণে শস্য, মদ (wine) ও তেল পাবে। আর তোমাদের গরু, ছাগল ও ভেড়ারও অনেক বাচ্চা হবে।" মূল ইংরেজি: bless the fruit of thy womb, and the fruit of thy land, thy corn, and thy wine, and thine oil: তিনি তোমাদের গর্ভের ফল, জমিনের ফল, তোমাদের শস্য, তোমাদের মদ ও তোমাদের তেলে বরকত দান করবেন।" (দ্বিতীয় বিবরণ ৭/১২-১৩)

বাইবেলে এভাবে ঈশ্বর বিভিন্ন স্থানে ওয়াদা করেছেন যে, তাঁর প্রিয় বান্দাদেরকে তিনি যে মহান নেয়ামত ও আশীর্বাদ দিবেন তার অন্যতম হল মদের প্রাচুর্য। দেখুন দ্বিতীয় বিবরণ ১১/১৩-১৫; ২ রাজাবলি ১৮/৩২; যিশাইয় ৩৬/১৭; যিরমিয় ৩১/১২; যোয়েল ৩/১৮; অমোস ৯/১৩-১৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14478

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন